ইন্টারনেট কোথা থেকে শুরু করবেন

আজকের আধুনিক যুগের লাইফস্টাইলের সঙ্গে কম্পিউটার যেমন অপরিহার্য, তেমনি কম্পিউটারকে তথ্য মহাসমুদ্রে যুক্ত করার জন্য ইন্টারনেটকেও অস্বীকার করার উপায় নেই। কিন্তু আপনি সাধারণ একজন। কম্পিউটারের অনেক কিছুই আপনার অজানা। আপনি চাইছেন বিদেশের সঙ্গে দ্রুত যোগাযোগের জন্য ইন্টারনেট কানেকশনসহ কম্পিউটার কিনতে ও ব্যবহার করতে। আপনার সেই ডিজিটাল ই-লাইফ শুরুর জন্য ইন্টারনেটের বেসিক ব্যাপারগুলো নিয়েই এই লেখা... লিখেছেন **সাদিক মোহাম্মদ আলম**

ইন্টারনেট কানেকশন মূলত দুই প্রকার। এক হলো পুরাতন সিস্টেম যাকে বলে ডায়ালআপ ইন্টারনেট কানেকশন। এতে আপনার একটি মডেমসহ পিসি বা পার্সোনাল কম্পিউটার (ম্যাক বা আইবিএম যে কোনো ধরনের হতে পারে) লাগবে প্রথমে। এছাড়া আপনার দরকার হবে একটি ফোন লাইন। এই ফোন লাইন মডেমে সংযুক্ত করে আপনি ইন্টারনেটে কানেক্ট হতে পারবেন।

আরেকটি নতুন ধরনের ইন্টারনেট কানেকশন হলো ব্রডব্যান্ড। এটি ক্যাবলের মাধ্যমে ইন্টারনেট কানেকশন সুবিধা এবং এতে কোনো ফোন লাইন লাগে না। কেবল বড় শহরগুলোতে এখন পর্যন্ত সীমিতভাবে ব্রডব্যান্ড সুবিধা পৌঁছাচ্ছে। তবে ধীরে ধীরে এই সুবিধা আরো বিস্তৃত হচ্ছে। ব্রডব্যান্ড কানেকশন নেয়ার জন্য কেবল আপনার একটি পিসি থাকলেই চলবে। মডেম বা ফোন লাইনের প্রয়োজন হবে না।

কানেকশন নেয়ার সুবিধা

আপনার ইন্টারনেট কানেকশন থাকলে বিশ্বের যেকোনো জায়গার তথ্য আপনি পেতে পারেন ঘরে বসেই। হাজার হাজার লাইব্রেরি ইন্টারনেটে সংযুক্ত। এছাড়া বিভিন্ন বিষয়ে বই অনলাইনেই পড়তে পারবেন বিনা পয়সায়, একদম লেটেস্ট খবর জানতে পারবেন নিউজের ওয়েবসাইট থেকে। রিসার্চ ওয়ার্ক যারা করেন তারা সর্বশেষ তথ্যগুলো সবচেয়ে ভালো উৎস থেকে পেতে পারেন।

ই-মেইল ও চ্যাট সুবিধার মাধ্যমে আত্মীয় ও আপনজনের সঙ্গে যোগাযোগ করতে পারবেন সবচেয়ে কম খরচ ও দ্রুততার সঙ্গে। ভিডিও চ্যাট করে দূরের আত্মীয়ের সঙ্গে দেখে কথা বলা যাবে। ইন্টারনেটে ফোনের মাধ্যমে বিশ্বের প্রায় সব দেশে অনেক কম খরচে (কোনো কোনো জায়গায় বিনামূল্যে) কথা বলতে পারবেন ইন্টারনেট ও কম্পিউটার ব্যবহার করে। সুতরাং ইন্টারনেট থাকলে অসংখ্য সুবিধা লাভ করতে পারেন যদি এর সদ্ব্যবহার করতে পারেন।

ব্যবহারের সময় টেলিফোন

হ্যাঁ, ডায়ালআপ ইন্টারনেট কানেকশন যদি আপনার হয় তবে তাতে ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারের দেওয়া নাম্বারে মডেম দিয়ে ডায়াল করতে হয়। যেই মাত্র আপনি ইন্টারনেটে ডায়াল করবেন এবং সংযুক্ত

হবেন, তখন থেকে আপনার ফোন বিজি হয়ে যাবে। কেউ বাইরে থেকে এই নাম্বারে কল করলে তখন বিজি পাবে। কেবল ইন্টারনেট থেকে ডিসকানেক্ট হয়েই আপনি আবার ফোন করতে বা রিসিভ করতে পারবেন। ইন্টারনেট থেকে ডিসকানেক্ট হওয়ার জন্য আপনাকে উইন্ডোজ থেকে ডিসকানেক্ট অপশন ক্লিক করতে হবে।



ইন্টারনেট বিল

ইন্টারনেট বিল নির্ভর করে আপনার আইএসপি বা যাদের কাছ থেকে আপনি ইন্টারনেট লাইনটি নিয়েছেন তাদের ওপর। প্রতি মিনিট হিসাবে ইন্টারনেট বিল করা হয়। আইএসবি ভেদে এই বিল প্রতি মিনিটে ১ টাকা, ৫০ পয়সা বা তার কম বা বেশিও হতে পারে। এছাড়া যতক্ষণ আপনি ইন্টারনেটে থাকবেন তার জন্য লোকাল ফোন কল হিসাবে ফোনেরও বিল হবে (ইন্টারনেটে মাল্টিমিটারিং প্রযোজ্য না হওয়ায় একবার ডায়ালে একটি ফোন কল ধরা হবে যতোক্ষণই আপনি অনলাইনে থাকুন না কেন)। ব্রডব্যান্ডে ২৪ ঘন্টা অনলাইন থাকে। সেক্ষেত্রে প্রতি মাসে নির্দিষ্ট হারে টাকা দিতে হয়। অনেক ডায়ালআপ কানেকশনও আনলিমিটেড কানেকশন অফার করে, যার পরিবর্তে আপনি মাসে নির্দিষ্ট টাকা দিয়ে যত খুশি ইন্টারনেট ব্যবহার করতে পারবেন। এছাড়া ইন্টারনেট প্রিপেইড কার্ড রয়েছে যা দিয়ে ৩০০, ৫০০, ১০০০ ইত্যাদি টাকায় কার্ড কিনে এনে ইন্টারনেট ব্যবহার করতে পারবেন। ব্রডব্যান্ড কানেকশনে কানেকশন চার্জসহ প্রতি মাসে একটি নির্দিষ্ট পরিমাণ টাকা দিতে হয়। এই অর্থ মাসে ১৫০০ টাকা অথবা তার কম বা বেশি হয়ে থাকে। ব্রডব্যান্ডের বড় সুবিধা হচ্ছে, এর বিল তুলনামূলকভাবে বেশি হলেও স্পিড বেশি এবং ২৪ ঘন্টাই এতে কানেক্ট থাকা যায়।

আপনার কাঙ্ক্ষিত বিষয়

ইন্টারনেটের প্রথম অধিবাসী হিসেবে আপনার হয়তো জানা নাও থাকতে পারে কোন বিষয়ের ওয়েবসাইটের ঠিকানা কি। এখানে উল্লেখ্য যে, আপনি যেকোনো ওয়েবসাইট কম্পিউটারে পেতে হলে আপনাকে সেই ওয়েবসাইটের ঠিকানা জানতে হবে। প্রথমে নিশ্চয়ই আপনার সব প্রয়োজনীয় ওয়েবসাইটের অ্যাড্রেস জানা থাকবে না। এজন্য সবচেয়ে প্রথমে যদি আপনার কিছু সার্চ ইঞ্জিনের অ্যাড্রেস জানা থাকে তবে খুব সুবিধা, কারণ সেখানে যেকোনো শব্দ টাইপ করে তার ওয়েবসাইট জানতে পারবেন। যখন আপনার কোনো নির্দিষ্ট বিষয়ের ওপরে জানার দরকার হয়ে পড়ে তখন আপনি কিভাবে সেই কাঙ্ক্ষিত বিষয়টি বের করে আনবেন ইন্টারনেট থেকে? সেই কাজে সহায়তা করার জন্যই জন্ম নিয়েছে ইন্টারনেট সার্চ ইঞ্জিন। আসুন দেখা যাক ইন্টারনেট সার্চ ইঞ্জিন কিভাবে কাজ করে। ইন্টারনেট সার্চ ইঞ্জিন হলো ওয়েবে বিশেষ কিছু সাইট যা ডিজাইনই করা হয়েছে অন্যান্য সাইটে যে তথ্য জমা আছে সেগুলোকে খুঁজে সেই পেইজটি আইডেন্টিফাই করা এবং ইউজারের সামনে নিয়ে আসা। কিছু সার্চ ইঞ্জিন হলো ঃ

Google : www.google.com
Yahoo : www. yahoo.com
AltaVista : www.altavista.com
Dogpile : www.dogpile.com
Excite : www.excite.com
Go : www.go.com
HotBot : www.hotbot.com
Lycos : www.lycos.com
Mamma : www.mamma.com
Metacrawler : www.metacrawler.com
Search.com : www.search.com

আইসিটি নিউজ

বিমানের জন্য সফটওয়্যার বানাচ্ছে সিএনএস

সিএনএস লিমিটেড সম্প্রতি বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের অন টাইম ইনভেনটরি ম্যানেজমেন্ট সিস্টেম ফর গ্রাউন্ড সার্ভিস ইকুইপমেন্ট এবং মোটর ট্রান্সপোর্ট (এমটি) ডেভেলপমেন্ট শিরোনামের সফটওয়্যার তৈরির কাজ শুরু করেছে।
এর ফলে বিমান স্বয়ংক্রিয় অনলাইন বিনকার্ড, স্বয়ংক্রিয় ইনভেন্ট প্রিপারেশন, স্বয়ংক্রিয় ক্রস চেকিং অব রিকুইজিশন, সহজ ইনভেন্টরি ট্রান্সফার, মাল্টি লোকেশন, সাপোর্ট, ইউজার এবং গ্রুপ লেভেল সিকিউরিটি, অটোমোটেড ইনভেন্টরি ইনফরমেশন ইউজিং ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড, ইনভেন্টরি মডেল, স্বয়ংক্রিয় বাফার স্টক ইত্যাদি করতে সক্ষম হবে।

ফু-ওয়াং গ্রুপ ও বিজেআইটি মধ্যে চুক্তি স্বাক্ষরিত

ফু-ওয়াং গ্রুপের সব শিল্প প্রতিষ্ঠান ও অফিসে কম্পিউটারায়নের কাজ সম্পন্ন করে কর্মীদের কর্মদক্ষতা বাড়ানো হবে। এর মূল লক্ষ্য হচ্ছে গ্রাহকদের মান বাড়ানো। এ কারণে ফু-ওয়াংয়ের সব শিল্প প্রতিষ্ঠান ও অফিসে অটোমেশনের জন্য বাংলাদেশ-জাপান ইনফরমেশন টেকনোলজি লিমিটেডের (বিজেআইটি) সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হচ্ছে। গত ১৪ আগস্ট ঢাকায় বিজেআইটি কার্যালয়ে এ চুক্তি সম্পাদন উপলক্ষে ফু-ওয়াং গ্রুপের চেয়ারম্যান শু চিন হুয়া এ কথা বলেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ফু-ওয়াং গ্রুপের উপ-মহাব্যবস্থাপক এসএম মাহবুব আলম, বিজেআইটির প্রেসিডেন্ট রফিকুল আলম, উপ-মহাব্যবস্থাপক একেএম আহমেদুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন। এ চুক্তির আওতায় বিজেআইটি ফু-ওয়াং গ্রুপের ঢাকার বনানীর করপোরেট অফিসকে পুরো একটি লোকাল এরিয়া নেটওয়ার্ক (ল্যান) ও অন্যান্য শিল্প প্রতিষ্ঠানকে ওয়াইড এরিয়া নেটওয়ার্কের (ওয়ান) আওতায় নিয়ে আসবে।

সুলভে ডলফিন অ্যামিগো ল্যাপটপ

বাংলাদেশী ব্র্যান্ড ল্যাপটপ কম্পিউটার ডলফিন অ্যামিগো ল্যাপটপের পেন্টিয়াম ৪ সিরিজ সুলভ মূল্যে বাজারে ছেড়েছে ডলফিন কম্পিউটার লিমিটেড। এই দামে শুধু স্টক

থাকা পর্যন্ত অ্যামিগো বিক্রি করা হবে।
উল্লেখ্য, ডলফিন কম্পিউটারস লিমিটেড দেশে সংযোজিত প্রথম ল্যাপটপ বাজারজাত করেছে। যোগাযোগ : ফোন : ৮১২৪৪৮৬, ৮১২৮৬৯৫।

রাজশাহীতে তিন দিনব্যাপী গেমস মেলা

আনন্দ মাল্টিমিডিয়া রাজশাহী ক্যাম্পাস ও ত্রিমাত্রিক ইন্টারঅ্যাকটিভ গত ১৬ আগস্ট থেকে তিন দিনব্যাপী একটি ব্যতিক্রমী কম্পিউটার গেমস মেলার আয়োজন করা হয়। এতে আনন্দ মাল্টিমিডিয়ার শিক্ষার্থীদের গেমস নির্মাণ প্রতিষ্ঠান ত্রিমাত্রিক ইন্টারঅ্যাকটিভের তৈরি মুক্তিযুদ্ধভিত্তিক ত্রিমাত্রিক গেমস দেখানো হয়। এছাড়াও মেলায় বিশ্বখ্যাত সব গেমস প্রদর্শন করা হয়। মেলার তিন দিনই ক্যাম্পাস ছিল গেমস পাগল তরুণ-তরুণীদের ভিড়ে মুখরিত।

পাকিস্তানে সাইবার ক্যাফে ব্যবহারকারীদের নিয়ন্ত্রণে বিশেষ ব্যবস্থা

আল-কায়েদার সদস্যরা নিজেদের সংবাদ আদান-প্রদানের জন্য পাকিস্তানের সাইবার ক্যাফেগুলো ব্যবহার করছে এই অভিযোগের প্রেক্ষিতে সেখানের সাইবার ক্যাফেগুলোতে বিশেষ নিরাপত্তা ব্যবস্থা নেয়া হচ্ছে। এক সরকারি সিদ্ধান্তে বলা হয়েছে, এখন থেকে সাইবার ক্যাফেগুলোর কর্তৃপক্ষকে তাদের ব্যবহারকারীদের



Web Crawler :
www.webcrawler.com

আপনি কিছু সার্চ করতে চাইলে এসব যেকোনো একটি সার্চ ইঞ্জিনে গিয়ে কাঙ্ক্ষিত শব্দটি লিখুন। রেজাল্ট থেকে ওয়েবসাইটে গেলে কাঙ্ক্ষিত তথ্য পাবেন। কোনো কোনো সার্চ ইঞ্জিনে ডাইরেক্টরিতে বিভিন্ন বিষয়ে সাইজ সজ্জিত থাকে। সেখান থেকেও প্রয়োজনীয় সাইটে যেতে পারেন।

ই-মেইল

ই-মেইল ইন্টারনেটের অন্যতম বড় সুবিধা। এটি যোগাযোগের জন্য খুব দ্রুত এবং আধুনিক মাধ্যম। আপনি ইন্টারনেটে ই-মেইল করলে সেটা অপরের কাছে পৌঁছতে মাত্র কয়েক সেকেন্ড লাগে। স্থান কোনো ফ্যাক্টর নয়। আমেরিকা বা অস্ট্রেলিয়া যেকোনো জায়গায় ই-মেইল করুন না কেন, মুহূর্তেই তা পৌঁছে যাবে সেখানে।

সাইবার ক্যাফে

সাইবার ক্যাফের সুবিধায় এখন পিসি না থাকলেও আপনি দোকানে গিয়ে ইন্টারনেট ব্যবহার করতে পারেন। প্রয়োজনে সেখানে ই-মেইল চেক করা থেকে আরম্ভ করে ওয়েবপেইজ ব্রাউজ করতেও পারবেন। দরকারি তথ্যের প্রিন্টও নিতে পারবেন সাইবার ক্যাফে থেকে যদি সেখানে প্রিন্ট সুবিধা থাকে। এখন বড় শহরগুলোর সর্বত্রই সাইবার ক্যাফে গড়ে উঠছে। যাদের বিদেশে আত্মীয় আছে, নিজের বাসায় কম্পিউটার নেই তারা সাইবার ক্যাফেতে গিয়ে ইন্টারনেটের সব সুবিধা পেতে পারেন। এখন সাইবার ক্যাফেগুলো খুব সুলভ হয়ে যাচ্ছে এবং ব্রডব্যান্ড সুবিধাও দিচ্ছে। সুতরাং অল্প খরচে খুব ভালো সার্ভিস পেতে পারেন সাইবার ক্যাফেগুলো থেকে।

টেলিফোন ছাড়া ইন্টারনেট

ব্রডব্যান্ড কানেকশন ফোন লাইন ছাড়া ক্যাবলের মাধ্যমে ইন্টারনেট কানেকশন দিয়ে

পরিচয়ের সত্যতা উপযুক্ত প্রমাণ সাপেক্ষে নিশ্চিত হতে হবে এবং তাদের ইন্টারনেট ব্যবহারের রেকর্ড সংরক্ষণ করতে হবে। আর যেসব সাইবার ক্যাফে এখনো রেজিস্ট্রেশন সম্পন্ন করেনি তাদেরও তা অবিলম্বে করতে বলা হয়েছে।
গত মার্চ মাসে পাকিস্তান থেকে বাইরের দেশগুলোতে ই-মেইল প্রেরণের হার অনেক বেড়ে গেছে জানিয়ে যুক্তরাষ্ট্র তা আল-কায়েদা সংগঠনের কর্মীদের পুনরায় সংগঠিত হবার চেষ্টা বলে পাকিস্তান সরকারকে সতর্ক করে দেয়। এরপর পাকিস্তানি কর্তৃপক্ষ আল-কায়েদার একটি ওয়েব সাইট চিহ্নিত করে তা বন্ধ করে দেয়। পাকিস্তানের এক সরকারি কর্মকর্তা বলেছেন, পাকিস্তান সরকার সন্ত্রাসীদের নির্মূলে কাজ করে যাচ্ছে এবং সন্ত্রাসীদের কর্মকাণ্ড নিয়ন্ত্রণে এই ব্যবস্থা প্রয়োজন ছিল। এতে সাধারণ সাইবার ক্যাফের সাধারণ ব্যবহারকারীদের কোনো সমস্যা হবে না বলে তিনি জানান। তবে সাইবার ক্যাফের অনেক ব্যবহারকারীই অসন্তোষ প্রকাশ করে বলেছেন, এই ব্যবস্থা তাদের নেট প্রাইভেসিকে ব্যাহত করবে। আর এই ব্যবস্থা আসলেই কতটুকু কার্যকর হবে, সে সম্পর্কেও অনেকেই সন্দেহ প্রকাশ করেছেন। কারণ, পাকিস্তানে সাইবার ক্যাফের প্রকৃত সংখ্যা কত তা সরকারও বলতে পারবে না এবং বিভিন্ন শহরে ছড়িয়ে ছিটিয়ে থাকা সাইবার ক্যাফের এক বিরাট অংশ রেজিস্ট্রেশন ছাড়াই পরিচালিত হচ্ছে।

অবশেষে উইন্ডোজের সোর্স কোড প্রকাশ করা হচ্ছে

শীর্ষ সফট্ওয়্যার নির্মাতা মাইক্রোসফট করপোরেশন জানিয়েছে, অ্যান্টিট্রাস্ট মামলায় ২০০১ সালে মার্কিন বিচার বিভাগের সঙ্গে করা সমঝোতা চুক্তির শর্ত মেনে নিয়ে মাইক্রোসফট্ আগামী কয়েক সপ্তাহের মধ্যে তার উইন্ডোজ অপারেটিং সিস্টেমের গুরুত্বপূর্ণ ১০০টি সোর্স কোড প্রকাশ করতে যাচ্ছে।
মাইক্রোসফট্ এক বিবৃতিতে বলেছে, তারা ৩৮৫ বিটের কম্পিউটার কোড এবং অপারেটিং সিস্টেমের অভ্যন্তরীণ বেশকিছু নিয়মকানুনের সূত্র প্রকাশ করবে, যেগুলো এতোদিন অন্য সফটওয়্যার প্রস্তুতকারকদের কাছে গোপন রাখা হয়েছিল। সফট্ওয়্যার প্রস্তুতকারকরা মাইক্রোসফটের প্রকাশিতব্য এসব তথ্য ও সূত্র ব্যবহার করে তাদের উইন্ডোজ প্রোগ্রামে নতুন মাত্রা যোগ করতে পারবে। মার্কিন বিচার বিভাগ এবং ১৮টি অঙ্গরাজ্যের দায়ের করা অ্যান্টিট্রাস্ট মামলায় মাইক্রোসফটের বিরুদ্ধে এসব উইন্ডোজের এসব কোড গোপন রেখে অপারেটিং সিস্টেমে একাধিপত্য বিস্তারে অভিযোগ আনা হয়। উল্লেখ্য, মাইক্রোসফট্ সবসময়ই ওপেন সোর্স কোড ধারণার বিরুদ্ধে এবং তাদের এসব প্রোডাক্টেরই সোর্স কোড গোপন রাখা হয়।



এনইসি'র 'ইকোলজিক্যাল কম্পিউটার'

পৃথিবীর বিপন্ন পরিবেশকে বাঁচাতে এবং পরিবেশবাদীদের অব্যাহত প্রচারণার ফলে বিভিন্ন শিল্প ক্ষেত্রে পরিবেশ বান্ধব প্রোডাক্ট তৈরির একটি ধারা সৃষ্টি হচ্ছে। তারই ধারাবাহিকতায় এবার যোগ দিলো জাপানের প্রখ্যাত পিসি নির্মাণকারী প্রতিষ্ঠান এনইসি করপোরেশন। জাপানের এনইসি করপোরেশনের শাখা প্রতিষ্ঠান এনইসি সল্যুশন্স আমেরিকা ইনকরপোরেটেড এই নতুন ধরনের পরিবেশ বান্ধব কম্পিউটার তৈরি করেছে। এই কম্পিউটারের নাম দেয়া হয়েছে 'ইকোলজিক্যাল পিসি'। কম্পিউটারটিতে স্থাপন করা হয়েছে ৯০০ মেগাহার্টজ গতির প্রসেসর, ২৬৫ মেগাবাইটের এসডি র‍্যাম এবং ২০ গিগাবাইটের হার্ডডিস্ক ড্রাইভ। এই কম্পিউটারটির মাদারবোর্ড তৈরি হয়েছে সিসামুক্ত উপাদান দিয়ে। বর্জ্য হিসেবে ফেলে দেয়ার পরও এটি পরিবেশের কোনো দূষণ ঘটাবে না। কম্পিউটারটিতে স্থাপন করা হয়েছে এমন একটি চিপ যাতে করে কম্পিউটার ঠাণ্ডা রাখার জন্য কোনো ফ্যানের প্রয়োজন পড়বে না। পুনরায় প্রক্রিয়াযোগ্য প্লাস্টিক দিয়ে এর তলদেশের কাঠামো তৈরি করা হয়েছে। এই প্লাস্টিক অগ্নি প্রতিরোধকও বটে। ফলে এতে অগ্নিনিরোধক রঙ বা কোটিং ব্যবহার করার প্রয়োজন পড়বে না। অথচ অন্য কম্পিউটার প্রস্তুতকারক প্রতিষ্ঠানগুলো তাদের কম্পিউটারের তলদেশের কাঠামো তৈরিতে এ কোটিং ব্যবহার করে। পরবর্তী সময়ে বর্জ্য হিসেবে ফেলে দেয়ার পর এসব কোটিং বিষাক্ত টক্সিক গ্যাস উৎপাদন করে। প্রাথমিকভাবে এর দাম রাখা হয়েছে ১ হাজার ৫৯৯ মার্কিন ডলার।

জাহাঙ্গীর আলম জুয়েল

থাকে। এই কানেকশন খরচ সাধারণ ডায়ালআপ ইন্টারনেট কানেকশনের চাইতে কিছুটা বেশি খরুচে কিন্তু এর স্পিড কয়েকগুণ বেশি। আপনার এলাকায় যদি ব্রডব্যান্ড কানেকশন ইন্টারনেট পৌঁছে থাকে (ব্যক্তিগত পর্যায়ে এখন অনেক এলাকাতেই ব্রডব্যান্ড পৌঁছে যাচ্ছে) তবে আপনি যারা ব্রডব্যান্ড সুবিধা দিচ্ছে তাদের সঙ্গে যোগাযোগ করে ক্যাবল ইন্টারনেট কানেকশন নিতে পারেন। এজন্য আপনার কোনো ফোন লাইনের দরকার নেই।

ইন্টারনেটের খারাপ দিক

সব কিছুর ভালো দিকের পাশাপাশি যেমন খারাপ দিক আছে, তেমনি ইন্টারনেটেরও খারাপ দিক আছে। ইন্টারনেটে এমন সব ওয়েবসাইট আছে যার কনটেন্ট অপ্রাপ্তবয়স্কদের জন্য উপযোগী নয়। পর্নোগ্রাফি সাইট নামে পরিচিত এসব সাইটে অশ্লীল ও আমাদের সংস্কৃতি পরিপন্থী বিষয়ের উপস্থাপনা রয়েছে। একজন সচেতন ইন্টারনেট ইউজার সহজেই এগুলো পরিহার করতে পারেন বা বাসার অন্যদের এগুলো থেকে প্রতিরোধ করতে পারেন। বেশ কিছু ফিল্টারিং সফটওয়্যার ব্যবহার করে যেসব শব্দ সেনসিটিভ সেই শব্দ সংবলিত ওয়েবসাইট লক করার ব্যবস্থা করা যায়। কম্পিউটারকে বাসার ওপেন জায়গায় স্থাপন করে এর সঠিক ব্যবহার মনিটর করা যেতে পারে। এছাড়া নৈতিক শিক্ষা এবং সচেতনতা বৃদ্ধির মাধ্যমে ইন্টারনেটের অপব্যবহার রোধ করা যায়।

সংশোধনী

গত ১৬ আগস্ট প্রকাশিত সাপ্তাহিক ২০০০-এ প্রকাশিত 'রেডিও লিংকিং নেটওয়ার্ক'-এ নেক্সাস ডট কম-এর সেটআপ ও মাসিক চার্জ সংক্রান্ত তথ্য ভুল প্রকাশিত হয়েছিল। নেক্সাসের সার্ভিস-এর সঠিক মূল্য তালিকা হলো:
সেটআপ চার্জ ৭৫,০০০/=
৩২ kbps ব্যান্ডউইথের জন্যে মাসিক চার্জ বর্তমানে দেয়া হচ্ছে না
৬৪ kbps ব্যান্ডউইথের জন্যে মাসিক চার্জ ৪০,০০০/=

তারবিহীন ব্রডব্যান্ড সার্ভিস



ঢাকায় ব্রডব্যান্ড ইন্টারনেট সার্ভিসের ক্ষেত্রে নতুন মাত্রা সংযোজন করেছে সিরিয়াস ব্রডব্যান্ড বাংলাদেশ লিমিটেড। গত শনিবার উদ্বোধন করা হয়েছে কোম্পানিটির 'Zip wirefree broad band' সার্ভিস। নতুন এই তারবিহীন ব্রডব্যান্ড সেবার মূল আকর্ষণ হলো এর গতি। Zip-এর গ্রাহকরা সেকেন্ডে ৩২ কিলোবাইট ডাটা আদান-প্রদান করতে পারবেন, যা প্রচলিত ডায়ালআপ সার্ভিসের চেয়ে ৩০ গুণ বেশি দ্রুতগতিসম্পন্ন। এছাড়া বাড়তি আকর্ষণ হিসেবে গ্রাহকরা পাচ্ছেন নেট ভিত্তিক টিভি চ্যানেল দেখার সুবিধা।

স্থানীয় এক হোটেলে Zip সার্ভিসের উদ্বোধন করেন তথ্যমন্ত্রী তরিকুল ইসলাম। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী ব্যারিস্টার আমিনুল হক এবং নারী ও শিশু বিষয়ক মন্ত্রী বেগম খুরশীদ জাহান হক। উপস্থিত বিশিষ্ট অতিথিবৃন্দ তাদের বক্তব্যে আইসিটি ও টেলিকমিউনিকেশন শিল্প উন্নয়নে বর্তমান সরকারের অঙ্গীকারের কথা পুনর্ব্যক্ত করেন।

অনুষ্ঠানে এরপর Zip সার্ভিসের জন্য ব্যবহৃত বিভিন্ন যন্ত্রাংশের প্রদর্শনীর ব্যবস্থা করা হয়। Zip ওয়্যার ফ্রি ব্রডব্যান্ড সার্ভিস ঢাকার বাইরেও ছড়িয়ে দেয়া হবে কিনা, এ প্রশ্নের জবাবে সিরিয়াস ব্রডব্যান্ডের ঊর্ধ্বতন কর্মকর্তা মনসুর হাবিব জানালেন, তারা অচিরেই সিলেট ও চট্টগ্রামে Zip সার্ভিস চালুর আশা রাখছেন। এছাড়া সাধারণ গ্রাহকদের সুবিধার্থে যাতে ইন্সটলেশন ফি কিস্তিতে পরিশোধ করা যায়, সে ব্যাপারটি নিয়ে শীঘ্রই বাণিজ্যিক প্রতিষ্ঠানের সঙ্গে কথা বলবেন বলে জানালেন মনসুর হাবিব।

Zip সার্ভিসের পারফরম্যান্স দেখতে হলে আগ্রহী গ্রাহকরা ব্লু-প্লানেট সাইবার ক্যাফেগুলোতে যোগাযোগ করতে পারেন। দেশের সাইবার ক্যাফে কালচারের পথিকৃৎ এই প্রতিষ্ঠান এই ওয়্যার ফ্রি ব্রডব্যান্ড সার্ভিস প্রদানে সিরিয়াস ব্রডব্যান্ডকে সার্বিকভাবে সহযোগিতা করে আসছে।

এক নজরে Zip সার্ভিসের সুবিধা

■ সার্বক্ষণিক সংযোগ থাকার কারণে ব্যবসায়ী প্রতিষ্ঠানগুলো Zip সার্ভিস ব্যবহার করে ভার্চুয়াল প্রাইভেট নেটওয়ার্ক, ভিডিও কনফারেন্সিং এবং এক্সট্রানেট সুবিধা নিতে পারবে।

■ সিরিয়াস ব্রডব্যান্ড তাদের ডাটা আদান-প্রদানে ব্যবহার করছে একটি নির্দিষ্ট ফ্রিকোয়েন্সি স্প্রেক্ট্রাম। এ কারণে ঝড়, বৃষ্টি, কুয়াশা কিছুই এর নিরবচ্ছিন্ন কানেকশনে বিঘ্ন ঘটাতে পারবে না।

■ এই সার্ভিসে ফোন ব্যবহৃত না হওয়ার, লাইন এনগেজ থাকার বা বাড়তি কোনো বিলের ঝামেলা পোহাতে হবে না।

■ Zip সার্ভিস কানেকশনের জন্য কোনো তার বা ক্যাবল ব্যবহার করছে না। ফলে ক্যাবল সংক্রান্ত বিভিন্ন সমস্যা যেমন- সংযোগ বিচ্ছিন্ন হওয়া, মিসটিউনড অ্যাম্প্লিফায়ার, পাওয়ার সার্জ, নয়েজ ইন্টারফিয়ারেন্স– এসব কিছু থেকে গ্রাহক মুক্ত থাকবেন।

Zip ব্রডব্যান্ড ক্যাবল টিভি

যেসব প্রতিষ্ঠান বা ব্যক্তি Zip-এর ইন্টারনেট সার্ভিসের গ্রাহক হলে বাড়তি চার্জ ছাড়াই এর ক্যাবল টিভির গ্রাহক হতে পারবেন। আর দেড় হাজার টাকার বিনিময়ে শুধু টিভি সার্ভিসটির গ্রাহক হওয়া সম্ভব। এতে করে গ্রাহকরা বাছাইকৃত সর্বোচ্চ ২৩টা চ্যানেল দেখতে পারবেন এবং এর মাসিক চার্জ হবে ৩০০ টাকা।

Zip সার্ভিসের খরচ

■ একক ব্যবহারকারীরা ১৮ হাজার টাকার বিনিময়ে সংযোগ নিতে পারবেন। মাসিক ফি হলো ১১০০ টাকা।

■ তিনজন বা তার বেশিসংখ্যক সংযোগ গ্রহণকারীরা ব্যক্তি প্রতি ৯০০০ টাকা দিলে সংযোগ পাবেন। এক্ষেত্রেও মাসিক ফি ১১০০ টাকা।

■ ৪-এর বেশি এবং সর্বোচ্চ ১৫ জন পৃথক মোডেমের মাধ্যমে সংযোগ চাইলে প্রত্যেককে দিতে হবে এককালীন ৩ হাজার টাকা। মাসিক ফি আগের প্যাকেজগুলোর মতোই।

■ এলাকাভিত্তিক সংযোগ গ্রহণকারী ৫০ হাজার টাকার বিনিময়ে সংযোগ নিয়ে ক্ষুদ্র আইএসপি হিসেবে ব্যবসা শুরু করতে পারেন।

■ সাইবার ক্যাফেগুলোকে দিতে হবে এককালীন ২৫ হাজার ও মাসে ১০ হাজার টাকা।

■ কর্পোরেট ব্যবহারকারীদের ক্ষেত্রে এককালীন ও মাসিক ফি যথাক্রমে ২৫ হাজার ও ৬ হাজার টাকা। ব্যাংকিং সেক্টরে ব্যবহারকারীদের জন্যও একই চার্জ নির্ধারিত হয়েছে।

ফাহিম হুসাইন